

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 09-05-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Suvendu Adhikary :

পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকারের শপথগ্রহণ অনুষ্ঠান আজ কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত হবে। উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সহ বিজেপি শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীগণও শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। প্রবীণ বিজেপি নেতা শুভেন্দু অধিকারী গতকাল পশ্চিমবঙ্গ বিজেপি পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন। কলকাতায় অনুষ্ঠিত পরিষদীয় দলের বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আনুষ্ঠানিকভাবে শুভেন্দু অধিকারীর নাম ঘোষণা করেন।

Kabi Pranam :

আজ ২৫শে বৈশাখ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী।

Sound-Byte

এ উপলক্ষে রাজ্য জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে রাজ্য ভিত্তিক কবিপ্রণাম অনুষ্ঠান আজ সকাল ১১ টায় কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানের উদ্বোধন করবেন ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী টিংকু রায়।

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ সকালে আগরতলার রবীন্দ্র কাননে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন শিল্প ও বানিজ্যমন্ত্রী শ্বান্তনা চাকমা। উপস্থিত ছিলেন সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সুরত চক্রবর্তী প্রমুখ।

রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষ্যে বাংলা সংস্কৃতি বলয়ের উদ্যোগে আজ সকালে প্রভাতফেরী আয়োজন করা হয়। তাছাড়া দিনভর নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালনের উদ্যোগ নেওয়া হয়েছে বাংলা সংস্কৃতি বলয়ের তরফে। এদিকে ছন্দনীড় সাংস্কৃতিক সংস্কার উদ্যোগেও আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে কবি প্রণাম অনুষ্ঠান উদযাপন করা হচ্ছে।

Sound-Byte

AIR-Classical Music :

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে আগামী ১৫ই মে, শুক্রবার, সন্ধ্যা ৬টায় আগরতলার সুকান্ত অ্যাকাডেমিতে একটি বিশেষ শাস্ত্রীয় সঙ্গীতানুষ্ঠান আয়োজিত হতে চলেছে। আকাশবাণী আগরতলা আয়োজিত এই মনোজ্ঞ অনুষ্ঠানে সবার প্রবেশ অবাধ।

National Lok Adalat :

আজ ত্রিপুরা হাইকোর্ট এবং রাজ্যের সব জেলা ও মহকুমা আদালত প্রাঙ্গণে জাতীয় লোক আদালত বসবে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ভি.পি দেববর্মা জানিয়েছেন, জাতীয় লোক আদালতে নিষ্পত্তির জন্য ৪৬টি বেঞ্চে ২৫ হাজার ৫১৪টি মামলা তোলা হবে। এরমধ্যে আদালতে জমে থাকা ২০ হাজার ৭৭৯টি মামলা রয়েছে।

TBSE Result :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছর মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে। এবছর মাধ্যমিক পরীক্ষায় পাশের হার ৮৪.১৮ শতাংশ। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশের হার ৭৯.৩৩ শতাংশ। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গন চৌধুরী গতকাল আগরতলায়

সাংবাদিক সম্মেলনে ফলাফল প্রকাশ করে জানান, আগামী সাত থেকে আট দিনের মধ্যে ছাত্র-ছাত্রীরা তাদের নিজ নিজ বিদ্যালয় থেকে মার্কশিট সংগ্রহ করতে পারবে। যেসব পরীক্ষার্থী ফলাফলের রিভিউ করতে ইচ্ছুক, তাদের ফল প্রকাশের সাত দিনের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে এবং বিদ্যালয়গুলিকে ফল প্রকাশের দশ দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনপত্র পর্ষদ কার্যালয়ে পাঠানোর জন্য আনুরোধ জানানো হয়েছে।

PM-AJAY-KHOWAI :

প্রধানমন্ত্রী অনুসূচিত জাতি অভ্যুদয় যোজনা প্রকল্পে খোয়াই জেলার চারটি ব্লকের অন্তর্গত তফসিলি জাতি অংশের লোকজনদের আর্থসামাজিক মানোন্নয়নের লক্ষ্যে গতকাল খোয়াই জেলার জেলাশাসকের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলাশাসক রজত পাল জানান, এই প্রকল্পের মাধ্যমে তফসিলি জাতি অধ্যুষিত গ্রামে যুবক যুবতীদের দক্ষতা উন্নয়ন সহ বিভিন্ন প্রকল্প রূপায়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গৃহীত রয়েছে।

Oath Taking :

আগামী ১৩ই মে বেলা ১২টায় ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবনির্বাচিত সদস্য জহর চক্রবর্তীর শপথ গ্রহণ অনুষ্ঠান ত্রিপুরা বিধানসভার লবিতে অনুষ্ঠিত হবে। নবনির্বাচিত সদস্য জহর চক্রবর্তীকে রিটার্নিং অফিসারের প্রদত্ত নির্বাচনী সার্টিফিকেট সহ শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণ করতে ত্রিপুরা বিধানসভার সচিব আনুরোধ জানিয়েছেন।

World Red Cross Day-UNAKOTI, Dhalai :

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় গতকাল ওয়ার্ল্ড রেডক্রস ডে উপলক্ষে কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে ভারতীয় রেডক্রস

সোসাইটির ঊনকোটি জেলা শাখা কমিটি আয়োজিত এক রক্তদান শিবিরের উদ্বোধন করেন।

এদিকে ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির ধলাই জেলা কমিটির উদ্যোগে আমবাসায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন জেলাশাসক বিবেক এইচ বি। দুটি শিবিরে মোট ৯১ জন রক্তদান করেন।

Women's Commission :

রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে গতকাল ওয়ান স্টপ সেন্টারের কর্মীদের নিয়ে সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা। তিনি বলেন বর্তমান রাজ্য ও কেন্দ্রীয় সরকার মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে বন্ধপরিষ্কার। সরকারের এই উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবগত করার লক্ষ্যেই এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, খোয়াই, ঊনকোটি, ধলাই ও সিপাহীজলা জেলায় বজ্র বিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস।
